# রূপগঞ্জে পৃথক সাংবাদিক সংগঠন নিয়ে প্রেস ক্লাবের সতর্কবার্তা



রূপগঞ্জ প্রেস ক্লাবের নবনির্বাচিত সভাপতি মোহাম্মদ খলিল শিকদার। ছবি: লেন্স এশিয়া

রূপগঞ্জ প্রেস ক্লাবের নবগঠিত কার্যকরী কমিটি-২০২৬ দায়িত্ব গ্রহণ করেছে। একই সঙ্গে ক্লাবের অনুমোদন ও সাংগঠনিক কাঠামোর বাইরে পৃথক সংগঠন বা শাখা পরিচালনা নিয়ে সতর্ক করেছে সংগঠনটির নবনির্বাচিত সভাপতি মোহাম্মদ খলিল সিকদার। এসব কার্যক্রমের সঙ্গে ক্লাবের কোনো সম্পৃক্ততা নেই বলেও জানান তিনি। শুক্রবার (২১ আগস্ট) রূপগঞ্জ প্রেস ক্লাবের সভাপতি মোহাম্মদ খলিল শিকদার সর্বসাধারণের অবগতির জন্য নিজের এক ফেসবুক পোস্টে এ বিজ্ঞপ্তি প্রকাশ করেন।

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, গত ২০ আগস্ট বৃহস্পতিবার রূপগঞ্জ প্রেস ক্লাবে অনুষ্ঠিত সাধারণ সভায় উপস্থিত সাংবাদিকদের সর্বসম্মতিক্রমে নবগঠিত কার্যকরী কমিটি-২০২৬ গঠন করা হয়। এতে সভাপতি হিসেবে মোহাম্মদ খলিল শিকদার এবং সাধারণ সম্পাদক হিসেবে জনাব আলম হোসেন দায়িত্ব গ্রহণ করেছেন।

বিজ্ঞপ্তিতে আরও বলা হয়, নবনির্বাচিত সভাপতি, সাধারণ সম্পাদকসহ কার্যকরী কমিটির সদস্যদের প্রত্যয় হলো, রূপগঞ্জ প্রেস ক্লাব বরাবরের মতো রূপগঞ্জের সর্বস্তরের মানুষের সুখে-দুঃখে পাশে থাকবে। পাশাপাশি এলাকার উন্নয়ন, জনস্বার্থ ও গণমাধ্যমের মর্যাদা রক্ষায় দায়িত্বশীল ভূমিকা পালন করবে।

এতে বলা হয়, রূপগঞ্জ প্রেস ক্লাবের কয়েকজন সাবেক/বর্তমান সদস্য ক্লাবের মূল কাঠামো ও সাংগঠনিক সত্তা থেকে পৃথক হয়ে বিভিন্ন নামে পৃথক সংগঠন বা শাখা পরিচালনা করছেন। এসব কর্মকাণ্ডের সঙ্গে রূপগঞ্জ প্রেস ক্লাবের সাংগঠনিক অবস্থান ও অনুমোদনের কোনো সম্পর্ক নেই।

বিজ্ঞপ্তিতে জানানো হয়, সাংগঠনিক শৃঙ্খলা, ভাবমূর্তি ও স্বাতন্ত্র্য অক্ষুণ্ণ রাখার লক্ষ্যে ২১ আগস্ট শুক্রবার বেলা সাড়ে ১১টায় ক্লাবের সভাপতি ও সাধারণ সম্পাদকের উপস্থিতিতে জরুরি সাধারণ সভা অনুষ্ঠিত হয়।

সভায় সিদ্ধান্ত হয়, রূপগঞ্জ প্রেস ক্লাবের সদস্য হিসেবে থেকে ক্লাবের অনুমোদন, সাংগঠনিক কাঠামো ও সিদ্ধান্তের বাইরে পৃথকভাবে কোনো সংগঠন, শাখা বা কার্যক্রম পরিচালনা করলে তা ক্লাবের অনুমোদিত বা স্বীকৃত কার্যক্রম হিসেবে বিবেচিত হবে না। একই সঙ্গে গঠনতন্ত্র ও সাংগঠনিক সিদ্ধান্তের পরিপন্থী কর্মকাণ্ডের ক্ষেত্রে প্রযোজ্য বিধি অনুযায়ী সংশ্লিষ্ট সদস্যদের বিরুদ্ধে সাংগঠনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

এছাড়া সভায় সিদ্ধান্ত হয়, যেসব সাংবাদিক সংগঠন রয়েছে, ওইসব সংগঠন বা সদস্যবৃন্দ সংগঠন বিলুপ্তি বা সদস্যপদ থেকে অব্যাহতি দিয়ে রূপগঞ্জ প্রেস ক্লাবে ফিরে আসতে পারবেন। নবগঠিত কমিটিকে সম্মান জানিয়ে নিয়ম-কানুন মেনে আসার এ সুযোগ আগামী ১০ দিনের মধ্যে গ্রহণ করা যাবে।

বিজ্ঞপ্তিতে সংশ্লিষ্ট ব্যক্তি, প্রতিষ্ঠান, গণমাধ্যমকর্মী ও সর্বসাধারণকে জানানো হয়, রূপগঞ্জ প্রেস ক্লাবের অনুমোদন ও স্বীকৃতি ছাড়া পরিচালিত কোনো ব্যক্তি, সংগঠন বা শাখার কার্যক্রমের সঙ্গে রূপগঞ্জ প্রেস ক্লাবের কোনো সাংগঠনিক বা প্রাতিষ্ঠানিক সম্পৃক্ততা নেই। এসব কার্যক্রমের জন্য রূপগঞ্জ প্রেস ক্লাব কোনোভাবেই দায়বদ্ধ থাকবে না।

রূপগঞ্জ প্রেস ক্লাব সাংবাদিকতার পেশাগত মর্যাদা, নৈতিকতা, শৃঙ্খলা, ঐক্য ও জনস্বার্থ সমুন্নত রেখে ভবিষ্যতেও দায়িত্বশীল ভূমিকা অব্যাহত রাখবে বলে বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়েছে।